224

ভোরের কাগজ

তারিখ 09 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ৩

ঢা. বি. একাডেমিক কাউন্সিলের সভা শুরু

# ৪টি অনুষদের সমন্বিত কোর্স অনুমোদন
# ২০ ছাত্রের ভর্তি নিয়ে আলোচনা হয়নি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সভা গতকাল শনিবার শুরু হয়েছে। তবে সবচেয়ে বিতর্কিত এবং প্রতীক্ষিত ২০ জন ছাত্রের ভর্তির বিষয়টি নিয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। আলোচ্যসূচিতে ঐ বিষয়টি আসার আগেই সভা আগামীকাল সোমবার পর্যন্ত মুলতবি ঘোষণা করা হয়। তবে ৪টি অনুষদের বিভিন্ন বিভাগের সমন্বিত কোর্সের নম্বর বন্টন ও সিলেবাস সভায় অনুমোদিত হয়।

গতকাল প্রশাসনিক ভবনের সিনেট হলে উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে সভা শুরু করার পর স্থানসঙ্কুলান না হওয়ায় সভা আইবিএ মিলনায়তনে স্থানান্তর করা হয়। জানা যায়, প্রায় ৩০০ জন একাডেমিক কাউন্সিল সদস্য সভায় উপস্থিত হয়েছিলেন। একজন শিক্ষক জানান, বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে কোনো একাডেমিক কাউন্সিলের সভায় গতকালের উপস্থিতি ছিল সর্বাধিক। সভার ৭৯টি এজেন্ডার মধ্যে ২০ জনের ভর্তির বিষয়টি ছিল ৬৫ নম্বরে। কিন্তু গতকালের সভা মুলতবি হওয়ার আগে মাত্র ২২টি বিষয় আলোচনা ও অনুমোদিত হয়েছে।

**সমন্বিত কোর্স অনুমোদন**

তিন বছরের সম্মান কোর্সে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগগুলোর থাকবে ১৫০০ নম্বর, জীববিজ্ঞান অনুষদের বিভাগগুলোর ২২০০ নম্বর এবং বিজ্ঞান অনুষদে থাকবে ২৫০০ নম্বর। বিভিন্ন অনুষদের প্রতিটি কোর্সের নম্বর বন্টন বিভিন্ন রকম রাখা হয়েছে।

সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগগুলোর ১ম, ২য় ও ৩য় বর্ষে থাকবে যথাক্রমে ৪০০, ৫০০ ও ৬০০ নম্বর। ৩য় বর্ষে ৬০০ নম্বরের মধ্যে ৫টি কোর্সে ৫০০ নম্বর এবং মৌখিক ও কম্প্রিহেনসিভ পরীক্ষায় ১০০ নম্বর।

কলা অনুষদের বিভাগগুলোর কোর্স ১০০ বা ৫০ নম্বরের হবে। তবে কোনো বিভাগে সর্বোচ্চ কোর্স হবে ২০টি। ১ম, ২য় ও ৩য় বর্ষে থাকছে যথাক্রমে ৪০০, ৫০০ ও ৫০০ নম্বর। টিউটোরিয়াল পরীক্ষায় ১ম, ২য় ও ৩য় বর্ষে থাকবে যথাক্রমে ১৫, ১৫, ২০ নম্বর। তিনটি বর্ষে মৌখিক পরীক্ষায়ও একই নম্বর থাকবে।

জীববিজ্ঞান অনুষদের বিভাগগুলোর ২২০০ নম্বরের মধ্যে বিভাগের অধীনে থাকবে ১৮০০ নম্বর এবং অন্যান্য বিভাগের অধীনে থাকবে ৪০০ নম্বর। এর মধ্যে ১ম বর্ষে ৬০০, ২য় বর্ষে ৭০০ ও ৩য় বর্ষে ৯০০ নম্বর থাকবে।

বিজ্ঞান অনুষদের বিভাগগুলোর ২৫০০ নম্বরের মধ্যে বিভাগের অধীনে ২০০০ নম্বর এবং অন্যান্য বিভাগের অধীনে থাকবে ৫০০ নম্বর। এই অনুষদে টিউটোরিয়াল ও ইনকোর্স পরীক্ষা রাখা হয়নি।

এদিকে ২০ জন ছাত্রের ভর্তির পক্ষে ও বিপক্ষে গতকালও বিভিন্ন সংগঠন মিছিল ও সমাবেশ করে। মিছিল চলাকালে ক্যাম্পাসে প্রচুর পুলিশ মোতায়েন করা হয় এবং বেলা ১টার দিকে ক্যাম্পাসে একটি রায়ট কার অবস্থান নেয়।